

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
 ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড
 ময়মনসিংহ।

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০২৭.২০১০.১৩৪৯

তারিখ: ০৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ।
 ২৩ ডিসেম্বর, ২০২০ খ্রি।

বিষয়: ডিপিএড পরীক্ষা ২০২০ এর পরীক্ষার্থীদের ফরম পূরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিপিএড চূড়ান্ত লিখিত পরীক্ষা, ২০২০ এ অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের নেপ এর ওয়েবসাইট (www.nape.gov.bd) এর ডিপিএড মেনুর সাবমেনুতে গিয়ে ডিপিএড ফরম ফিল আপ মেনুতে ক্লিক করে ফরম পূরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলি:

- পরীক্ষার ফি মাথাপিছু ২৬০০/- (দুই হাজার ছয়শত) টাকা (নেপ এর ১৬০০/- এবং পিটিআই ১০০০/-) শিওরক্যাশ এর মাধ্যমে অনলাইন ফরমের নির্দেশনা মোতাবেক পিটিআই ওয়ালেটে দাখিল করতে হবে। এক্ষেত্রে শিওরক্যাশ এজেন্ট চুক্তি মোতাবেক ২৬/- (ছাবিশ) টাকা চার্জ নিবেন।
- ফি' পরিশোধের পর যথাযথভাবে অনলাইন পদ্ধতিতে ফরম পূরণ করে সার্বান্বিত করতে হবে।
- পূরণকৃত ফরম এর হার্ড কপি সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে নিজ পিটিআই-এ জমা দিতে হবে।
- ফরম পূরণের পর আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।
- ডিপিএড পরীক্ষা, ২০১৯ এ অক্তৃতকার্য ও বহিকৃত পরীক্ষার্থীদের ক্ষেত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে একইভাবে ফরম পূরণ করতে হবে।
- ফরম পূরণের সময়সীমা ২৬ ডিসেম্বর, ২০২০ হতে ০৫ জানুয়ারি, ২০২১ খ্রি।
- এক্ষেত্রে কোন টেকনিক্যাল সমস্যার সম্মুখীন হলে জনাব দলীল কুমার সরকার, প্রোগ্রামার নেপ, ময়মনসিংহ (মোবাইল নম্বর: ০১৭১৮-২৯৭১২১ এবং ই-মেইল: dksarker2011@gmail.com) এর সাথে (সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলি (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য):

- ডিপিএড পরীক্ষা, ২০১৮-এ অক্তৃতকার্য ও বহিকৃত (শাস্তির মেয়াদ শেষ হয়ে থাকলে) পরীক্ষার্থীদের ফরম পূরণ কার্যক্রম ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন করা হবে।
- সংযুক্ত “ছক-১” অনুযায়ী এক কপি বিবরণী তালিকা (লিগাল সাইজের কাগজের) ইংরেজিতে তৈরিপূর্বক প্রেরণ করতে হবে। বিবরণী তালিকার উপরে শক্ত কাগজের মলাট দিতে হবে। মলাটের উপর বড় করে বিবরণী তালিকা, পিটিআই এর নাম এবং ডিপিএড পরীক্ষা ২০২০ উল্লেখ করতে হবে।
- সংযুক্ত “ছক-২” অনুযায়ী তথ্য প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের অংশে রোল নম্বরের নিচে এবং প্রবেশ পথে রোল নম্বরের নিচে শিক্ষাবর্ষসহ নিবন্ধন নম্বর উল্লেখ করতে হবে।
- বোর্ড কর্তৃক প্রেরিত আবেদন ফরম পরীক্ষার্থী কর্তৃক নিজ হাতে পূরণপূর্বক বোর্ডে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ফটো (সুপার কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের “প্রবেশপত্র” অংশে কেন্দ্রের নাম, পরীক্ষার্থীর নাম, শিক্ষাবর্ষ এবং বিষয় পরীক্ষার্থী নিজ হাতে পূরণ করবেন। কেবলমাত্র রোল নং পরবর্তীতে বোর্ড কর্তৃক পূরণ করা হবে।
- বিবরণী তালিকার ধারাবাহিকতা বজায় রেখে আবেদন ফরম পূরণ করতে হবে।
- ডি.আর এবং আবেদন ফরম পূরণের ক্ষেত্রে কোন ওভারাইটিং/ঘষামাজা ইত্যাদি করা যাবেন। তবে কোন কারণে তথ্য সংশোধনের প্রয়োজন হলে একটানে কেটে সুপারিনটেন্ডেন্ট কর্তৃক অনুমতির করতে হবে।
- এ সম্পর্কিত অন্য কোন তথ্যের প্রয়োজন হলে পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করা যাবে। ব্যাংক ড্রাফ্টসহ আবেদনপত্র ও বিবরণী তালিকা (ডি.আর) আগামী ১০ জানুয়ারি, ২০২১ তারিখ বা তার পূর্বে পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট অবশ্যই পৌছাতে হবে।
- আবেদনপত্র, বিবরণী তালিকা ও প্রবেশপত্রে কোন গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট পিটিআই এর সুপারিনটেন্ডেন্ট ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- আবেদন ফরম কম পড়লে প্রয়োজনে ফটোকপি করে ব্যবহার করা যাবে।
- পরীক্ষার্থীদের বিবরণী তালিকায় ত্রুটিমুলক নং এর পূর্বে ‘পি’ লিখে দিতে হবে। বিবরণী তালিকার সাথে ত্রুট্যানুসারে আবেদনপত্র ও ১ কপি করে এস.এস.সি সনদের ফটোকপি বাস্তিল (সেলাই) করে বোর্ডে প্রেরণ করতে হবে।
- বিবরণী তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, এসএসসি বা সমমানের পরীক্ষা সনদের ভিত্তিতে নির্ভুলভাবে লিখতে হবে। পূরণকৃত আবেদনপত্র ও বিবরণী তালিকা সুপারিনটেন্ডেন্ট ভালোভাবে যাচাইপূর্বক স্বাক্ষর করবেন। কেননা এ তথ্যের উপর ভিত্তি করেই পরবর্তীতে মূল সনদ প্রস্তুত করা হবে।
- পরীক্ষার ফি মাথাপিছু ১৬০০/- (এক হাজার ছয়শত) টাকা হরে আদায় পূর্বক “চেয়ারম্যান, ডিপিএড বোর্ড, নেপ, ময়মনসিংহ” নামে জনতা ব্যাংক, ক্যান্টনেন্ট শাখা, ময়মনসিংহ এর অনুকূল ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে বিবরণ তালিকার সাথে প্রেরণ করতে হবে। পিটিআই কেন্দ্র ফি বাবদ মাথাপিছু ১০০০/- (এক হাজার) টাকা হারে সংগ্রহ করে সুপারিনটেন্ডেন্টগণ যাবতীয় ব্যয় নির্বাহ করবেন।

সুপারিনটেন্ডেন্ট (সকল)

..... পিটিআই।

পিটিআই, সিরাজগঞ্জ।
প্রাপ্তি নম্বর- ৬৩
তারিখ- ১৬.১২.২০২০
<input type="checkbox"/> সহকারী সুপার <input checked="" type="checkbox"/> ইলেক্ট্রনিক স্ট্রেচেটেক অফিসে প্রেরণ <input type="checkbox"/> ইউডিএ- <input type="checkbox"/> কম্পিউটার অপারে-১/২ <input type="checkbox"/> অফিস সহকারী-১/২ <input type="checkbox"/> নেটিশ বোর্ড <input type="checkbox"/> নথিতে দিন- <input type="checkbox"/> ফাইলে সংরক্ষণ করুন

(শাহনাজ নুরুন নাহার) ১৬/১২/২০২০

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০৯১-৬৫৭৯২

.....
 ২৩.১২.২০২০